

শিক্ষক নিয়োগে অনিয়ম
**খুলনায় সাংসদ নুরুল হকসহ
সাতজনের বিরুদ্ধে মামলা**

■ খুলনা ব্যুরো

খুলনার পাইকগাছার কপিলমুনি কলেজের অধ্যক্ষ নিয়োগে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে খুলনা-৬ আসনের সাংসদ নুরুল হকসহ ৭ জনের বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে। গতকাল মঙ্গলবার পাইকগাছার সিনিয়র সহকারী জজ আদালতে মামলাটি করেন অধ্যক্ষ পদে আবেদনকারী শিক্ষক প্রভাষক আবদুল গফুর। সাংসদ নুরুল হক কপিলমুনি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি।

মামলার অন্য আসামিরা হলেন- নতুন অধ্যক্ষ হাবিবুল্লাহ বাহার হাবিব, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ত্রিবেদ কাতি মণ্ডল, নিয়োগ বোর্ডের সদস্য কালিচাঁদ চন্দ্র চন্দ, ডা. শহিদুল্লাহ, প্রফেসর তুলশান আরা বেগম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি। আদালতে মামলাটি আমলে নিয়ে সাংসদ নুরুল হক, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছেন।

এর আগে নগরীর দৌলতপুর দিবা-নৈশ কলেজে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগে খুলনা-৩ আসনের সাংসদ মনুজান সুফিয়ানের বিরুদ্ধে মামলা হয়েছিল। মামলার আরজিতে বাদী উল্লেখ করেন, গত ২৪ মে কপিলমুনি কলেজে অধ্যক্ষ পদে আবেদনপত্র চাওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে ২৩ জন আবেদন করেন।

গত ৭ আগস্ট সরকারি বিএল কলেজে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু ফল প্রকাশের আগেই অবৈধ আর্থিক সুবিধা নিয়ে হাবিবুল্লাহ বাহার হাবিব নামে একজনকে অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।